# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd


নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০২.২৪-৯০৬

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

বিষয় : সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ

সূত্র: সুপার, বকুলতলা দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক আবেদন, তারিখ: ১৭.০৮.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন বকুলতলা দাখিল মাদ্রাসার সুপার ২০২৫ সালে একাদশ শ্রেণির ভর্তিতে সমস্যা সমাধানের জন্য ফলাফল বাতিলের জন্য আবেদন করেছেন। আবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, (১) মো: আসিকুজ্জামান, রোল: ১৫১৫৯৩, রেজি: নং-২২১২৬১৭০৭৯ (২) মো: আমানুল্লাহ, রোল: ১৫১৫৯৪, রেজি নং-২২১২৬১৭০৭৮ (৩) মো: রাজিব আল সিহাব, রোল: ১৫১৫৯২, রেজি: নং-২২১২৬০৭০৭৭ শিক্ষার্থীগণ ২০২৩-২৪ শিক্ষাবর্ষে রাজশাহী শিক্ষা বোর্ড-এর অধীনে রেজিস্ট্রেশন করে। করোনা ভাইরাস পরবর্তী এবং নন এমপিও মাদ্রাসা হওয়ায় শিক্ষার্থী স্বল্পতার কারণে উক্ত মাদ্রাসার সুপার পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান কলমা উচ্চ বিদ্যালয় হতে উল্লিখিত ০৩ জন শিক্ষার্থীর রেজিস্টেশন নম্বর সংগ্রহ করে, অন্য শিক্ষার্থীর ছবি দিয়ে নিজ মাদ্রাসায় রেজিস্ট্রেশন সম্পন্ন করে ২০২৫ সালের দাখিল পরীক্ষায় ছবি সংযুক্ত ব্যক্তি অংশগ্রহণ করে উত্তীর্ণ হয় মর্মে আবেদনে সুপার উল্লেখ করেছেন। উক্ত ০৩ জন শিক্ষার্থীর মধ্যে ০২ জন শিক্ষার্থী রাজশাহী শিক্ষা বোর্ড হতে এসএসসি পরীক্ষা অংশগ্রহণ করেও কৃতকার্য হয় মর্মে আরও উল্লেখ করেন। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ২০২৫ সালের দাখিল পরীক্ষার ফলাফল বাতিল বিষয়ে প্রকৃত ঘটনা উদঘাটন জুরুরি মনে করে। এবং দোষীদের চিহ্নিত করে এধরনের আরো পরীক্ষার্থী আছে কি-না তা অধিকতর যাচাইয়ের জন্য স্থানীয়ভাবে তদন্ত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২. এমতাবস্থায়, উল্লিখিত পরীক্ষার্থীগণের ২০২৫ সালের দাখিল পরীক্ষার ফলাফল বাতিলের বিষয়ে মতামত, প্রকৃত দোষীদের চিহ্নিত করা এবং এধরনের আরো পরীক্ষার্থী আছে কি-না তা নির্ণয় করার নিমিত্ত সার্বিক বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০২.২৪-৯০৬(৭)

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ / ২৮ আগস্ট ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ;
২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল, চাপাইনবাবগঞ্জ;
৪. সভাপতি/সুপার, বকুলতলা দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৬. পি.ও. টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৭. অফিস কপি।

৩১/৮/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২-৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd